

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৯০২

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ আল্লাহর প্রিয় বন্ধুদের কারামত (অলৌকিক কর্মকাণ্ড) এবং তাঁদের মাহাত্ম্য

আরবী

وَعَنْ جَابِرِ بِنِ عَبدِ اللهِ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ : لَمَّا حَضَرَتْ أُحُدُّ دَعَانِي أَبِيْ مِنَ اللَّيلِ فَقَالَ : مَا أُرَانِي إِلاَّ مَقْتُولاً فِي أَوَّلِ مَنْ يُقْتَلُ مِنْ أَصْحَابِ النَّبِيِّ عَلَيْ وَإِنِّي لاَ أَتْرُكُ بَعْدِي فَقَالَ : مَا أُرَانِي إِلاَّ مَقْتُولاً فِي أَوَّلِ مَنْ يُقْتَلُ مِنْ أَصْحَابِ النَّبِيِّ عَلِي وَإِنِّ عَلَيَّ دَيْناً فَاقْصِ وَاسْتَوْصِ بِأَخُواتِكَ خَيْراً أَعَنَّ عَلَيَّ مِنْكَ غَيْرَ نَفْسِ رَسُولِ اللهِ عَلَي وَإِنَّ عَلَيَّ دَيْناً فَاقْصِ وَاسْتَوْصِ بِأَخُواتِكَ خَيْراً فَاعْمِ مَنْكَ غَيْر نَفْسِ رَسُولِ اللهِ عَلَي وَإِنَّ عَلَيَ دَيْناً فَاقْصِ وَاسْتَوْصِ بِأَخُواتِكَ خَيْراً فَاقْصِ وَاسْتَوْصِ بِأَخُواتِكَ خَيْراً فَاعْمِ مَعْهُ آخَرَ فِي قَبْرِهِ ثُمَّ لَمْ تَطِبْ نَفْسِي أَنْ أَتْرُكَهُ مَعَ آخَرَ فَاسْتَخْرَجْتُهُ بَعْدَ سِتَّةِ أَشْهُرٍ فَإِذَا هُو كَيَوْمِ وَضَعَتْهُ غَيْرَ أُذْنِهِ فَجَعَلْتُهُ فِي قَبْرٍ عَلَى حِدَةٍ وَالله البخاري

বাংলা

(২৯০২) জাবের ইবনে আব্দুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, উহুদের যুদ্ধ যখন সংঘটিত হয়। রাতে আমাকে আমার পিতা ডেকে বললেন, 'আমার মনে হয় যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সহচরবৃন্দের মধ্যে যাঁরা সর্বপ্রথম শহীদ হবেন, আমিও তাঁদের অন্তর্ভুক্ত। আর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পর, তোমাকে ছাড়া ধরাপৃষ্ঠে প্রিয়তম আর কাউকে ছেড়ে যাচ্ছি না। আমার উপর ঋণ আছে, তা পরিশোধ ক'রে দেবে। তোমার বোনদের সঙ্গে সদ্যবহার করবে।' সুতরাং যখন আমরা ভোরে উঠলাম, তখন দেখলাম যে, সর্বপ্রথম উনিই শাহাদত বরণ করেছেন। আমি তাঁর সাথে আর এক ব্যক্তিকে সমাধিস্থ করলাম। তারপর অন্যজনকে তাঁর সঙ্গে একই কবরে দাফন করাতে আমার মনে শান্তি হল না। সুতরাং ছমাস পর আমি তাঁকে কবর হতে বের করলাম। (দেখা গেল) তার কান ব্যতীত (তার দেহ) সেদিনকার মত অবিকল ছিল, যেদিন তাকে কবরে রাখা হয়েছিল। অতঃপর আমি তাকে একটি আলাদা কবরে দাফন করলাম।

ফুটনোট

(বুখারী ১৩৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন